গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**শ্রীমঙ্গল, মৌলভীবাজার**
sreemangal.moulvibazar.gov.bd

# ৬ষ্ঠ উপজেলা পরিষদ জানুয়ারি ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মো: ইসলাম উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১৩ জানুয়ারি ২০২৫ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা অনুপস্থিত থাকায় স্বাস্থ্য বিভাগ সম্পর্কিত কোন আলোচনা হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য প:প: কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, কৃষি জমির উর্বরতা বৃদ্ধি এবং কৃষির অধিক ফলনের জন্য লাংলিয়াছড়া সুইচ গেইটের পাশে জরুরী ভিত্তিতে প্রতিরক্ষা বাঁধ মেরামত করা প্রয়োজন। তিনি জরুরী ভিত্তিতে প্রতিরক্ষা বাঁধ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর নিকট অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সভায় চেয়ারম্যান, সিন্দুরখান ইউপি বলেন, সিন্দুরখান ইউনিয়নে প্রায় ২০০০ একর জমি আবাদ করা হয়। লাংলিয়াছড়া সুইচ গেইটের প্রতিরক্ষা বাঁধ নির্মাণ করা হলে কৃষকরা উপকৃত হবে। তিনি এই প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | কৃষি জমির উর্বরতা বৃদ্ধি এবং কৃষির অধিক ফলনের জন্য লাংলিয়াছড়া সুইচ গেইটের পাশে জরুরী ভিত্তিতে প্রতিরক্ষা বাঁধ মেরামতের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রাক্কলন প্রস্তুতক্রমে কোটেশনের মাধ্যমে দ্রুতগতিতে কাজ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গবাদিপশু, হাঁস-মুরগী, পোষা প্রাণিসহ সব ধরনের প্রাণির সেবা কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। | হাওরে অবৈধভাবে কারেন্টজাল ব্যবহার কারীদের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৫ | এলজিইডি | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ২০২৪-২৫ অর্থবছরের এডিপি প্রকল্পের আওতায় কোটেশন কার্যক্রম হতে ৪নং সিন্দুরখান ইউপি'র ১। কৃষি জমির উর্বরতা বৃদ্ধি এবং কৃষির অধিক ফলনের জন্য লাংলিয়া ছড়া সুইচ গেইটের পাশে জরুরী ভিত্তিতে প্রতিরক্ষা বাঁধ মেরামত বাবদ ১,৫০,০০০.০০ (কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন) প্রকল্প কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তা জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br><br>সভায় উপজেলা প্রকৌশলী আরো বলেন, ১। উপজেলা আবাসিক কমপ্লেক্স এর ভিতরে (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস (খ) উপজেলা পরিবার পরিকল্পনা অফিস (গ) উপজেলা খাদ্য অফিস রয়েছে | ১। ২০২৪-২৫ অর্থবছরে এডিপি প্রকল্পের আওতায় বিধিমতে কোটেশনের মাধ্যমে প্রকল্প কাজগুলোর বাস্তবায়ন নিশ্চিত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে হতে উপজেলা | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এই অফিস গুলোর দরজা জানালা মেরামত করা খুবই প্রয়োজন। এছাড়া চৈতি ভবনের একটি দরজা মেরামত করণের জন্য প্রস্তাব করেন। তিনি আরো বলেন, কালিঘাট ইউনিয়নের কাকিয়াছড়া চা বাগান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রং এবং শ্রেণি কক্ষের নিচের ফ্লোর ভেঙ্গে গেছে তা মেরামত করণের জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন। | আবাসিক ভবনের ভিতরে অবস্থিত অফিসগুলো মেরামত এবং কাকিয়াছড়া চা বাগান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, ডিসেম্বর/২০২৪ খ্রিঃ তারিখ অভিভাবক সমাবেশের মাধ্যমে শিক্ষার্থীদের তৃতীয় প্রান্তিকের ফলাফল প্রকাশিক হয়েছে। প্রত্যেক বিদ্যালয়ে ১লা জানুয়ারি ২০২৫ খ্রিঃ তারিখ হতে যথারীতি শ্রেণি পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৩৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনক্রমে শিক্ষার কার্যক্রমকে এগিয়ে নেওয়ার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার |
| ০৭ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | উপজেলা প্রকল্প বাস্তবায়ণ কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, ১৮ জানুয়ারী থেকে ২৩ জানুয়ারি/২৫ স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতির সেবা সপ্তাহের আয়োজন করা হয়েছে। এই উপলক্ষ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন পর্যায়ে স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতি প্রয়োগের ক্যাম্পের আয়োজন করা হয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাঠ পর্যায়ে স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতির পর্যবেক্ষণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ-১০ম) মোট বই এর চাহিদা ৪২৯৮৮৩টি, প্রাপ্ত ৬০১৫৪টি এবং বিতরণ ৬০১৫৪ ইবতেদায়ী পর্যায়ে (১ম-৫ম) মোট চাহিদা ৪০৫৮০টি কোন বই পাওয়া যায়নি। দাখিল পর্যায়ে (৬ষ্ঠ-১০ম) মোট চাহিদা ৬৯৭৪০টি, প্রাপ্ত ২২১০টি এবং বিতরণ ২২১০টি।<br>৪৬তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা, বিজ্ঞান অলিম্পিয়াড ও বিজ্ঞান বিষয়ক কুইজ অনুষ্ঠিত হচ্ছে। বিপিএল তারুণ্যে উৎসব চলমান আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিতরণকৃত বইগুলো সঠিকভাবে বিতরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম নিয়মিতভাবে চলমান আছে। | চা-শ্রমিকদের জীবনমান উন্নয়নে চা-শ্রমিকের তালিকা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, "পল্লী জীবিকায়ন প্রকল্প" এর আওতায় ৪০জন সুফলভোগী সদস্যদের ৩ দিন ব্যাপী আয়বর্ধনমূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম সক্রিয় রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ১২ | উপ:ম:বিষয়ক কর্মকর্তা | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, মহিলা বিষয়ক কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় বর্তমান মাস পর্যন্ত নিবন্ধিত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা ১৭১টি (নিবন্ধিত)। সমিতিগুলোর অডিট, পরিদর্শন, ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। সরকারি রাজস্ব সমূহ আদায়ের চেষ্টা অব্যাহত আছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদার করণ ও যে কোন একটি কার্যক্রম নিয়ে সভা আহবান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কমকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, ডিসেম্বর/২৪ মাসের আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১০৩৫৫০/- টাকা, আদায়কৃত ১০৩৫৫০/- টাকা। কিস্তি ঋণ খেলাপী আদায় নাই। চলতি পরিবারভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ্য ৪৪৮০০/- টাকা। চলতি মাসে ঋণ বিতরন নাই। প্রশিক্ষণ জোরদারকরণ কর্মসূচির ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৯.৩৬%। রাজস্ব খাতের ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০জন। বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। | প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২৪-২৫ চলমান আছে। পৌরসভার দুটি কেন্দ্রে ও এমএস এর চাল বিক্রি অদ্য ১৩/০১/২০২৫খ্রি: হতে শুরু হয়েছে। প্রতি কেজি ৩০/- টাকা দরে জনপ্রতি সর্বোচ্চ ৫ কেজি করে বিক্রি হচ্ছে। দুটি কেন্দ্রে প্রতিদিন বরাদ্দ ১ মে:টন চাল। শুক্রবার ও শনিবার ব্যতীত পাঁচ দিন বিক্রয় চলমান থাকবে।<br>এছাড়া টিসিবি সহ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান রয়েছে। | ওএমএস এর চাল বিক্রির কার্যক্রম চলমান থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | সভায় জনস্বাস্থ্য প্রকৌশলী বলেন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্রীমঙ্গল |
| ১৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জনান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। পাশাপাশি তিনি জানান যে, পুনরায় অবকাঠামোগত উপপ্রকল্প প্রস্তাবনা (রিকাস্ট) প্রস্তুত করে পিএমইউ-ঢাকা অফিসে প্রকল্প পরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। প্রকল্প পরিচালক মহোদয়ের অনুমোদন হলে নির্বাচিত উপপ্রকল্প উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়ন করা হবে। | উপপ্রকল্প প্রস্তাবনা প্রকল্প পরিচালক মহোদয়ের অনুমোদন হলে উপজেলা পরিষদ কর্তৃক (এলজিইডি দপ্তর) বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | ইউডিএফ (জাইকা) |
| ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শ্রীমঙ্গল বলেন পল্লী সঞ্চয় ব্যাংকে এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২৩ অর্থবছর তা পূর্বে ২জন মাঠ সহকারী কর্তৃক রাজঘাট ও কালীঘাট ইউনিয়নের কিছু সমিতির সঞ্চয় ও ঋণের কিস্তির টাকা উত্তোলন করে আত্নসাতের ঘটনা আছে। যা সমাধানের জন্য প্রধান কার্যালয়কে বার বার অবহিত করা হচ্ছে এবং আগামী ৬ মাসের মধ্যে সমাধানের আশ্বাস দেয়া হয়েছে এবং তাদের বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা করেছেন এবং তাদেরকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বর্তমানে শ্রীমঙ্গল ও সিন্দুরখান ইউনিয়নে খেলাপীর পরিমাণ প্রায় ৪৫%। এই অবস্থায় সংশ্লিষ্ট চেয়ারম্যান মহোদয়গণের সহযোগিতা কামনা করেন। | মাঠ সহকারী ২জন বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া শ্রীমঙ্গল ও সিন্দুরখান ইউনিয়নের খেলাপী ঋণ উত্তোলনের প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য শ্রীমঙ্গল ও সিন্দুরখান ইউপিকে অনুরোধ জানান। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ১৯ | বিবিধ ০১ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের নিচতলার কক্ষগুলো দরজা ও জানালা পুরাতন হয়ে যাওয়ায় তা ভেঙ্গে যাচ্ছে। তাছাড়া নিচতলার পাবলিক টয়লেটের দরজা ভেঙ্গে গেছে এবং টয়লেটের দেয়ালে গ্রীল জং ধরায় তা মেরামতের জন্য সভায় প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনা অন্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষণা বেক্ষণ ও মেরামত খাত হতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ২০ | বিবিধ ০২ | সভায় জানানো হয় যে শ্রীমঙ্গল উপজেলার সবুজবাগ এলাকায় ২টি ও উত্তর ভাড়াউড়া, শ্রীমঙ্গল এলাকায় ০৩টি পরিবারসহ মোট ৫টি পরিবার অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হয়েছে। ক্ষতিগ্রস্থ পরিবারগুলো আর্থিক সহায়তা চেয়ে উপজেলা নিবার্হী অফিসার বরাবরে আবেদন করেছেন। ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সহায়তা প্রদানের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার প্রস্তাব পেশ করেন। উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবার গুলোকে রাজস্ব তহবিলের অ-প্রত্যাশিত খাতে হতে প্রত্যেককে ৫০০০/- টাকা করে আর্থিক সহায়তা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ইসলাম উদ্দিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩. ৩৮ তারিখ: ১২/০২/২০২৫

বিতরণ: কার্যার্থে।

১। উপজেলা................................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

২। চেয়ারম্যান................................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

১২।০২।২৫

(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## ৬ষ্ঠ উপজেলা পরিষদ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মো: ইসলাম উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা অনুপস্থিত থাকায় স্বাস্থ্য বিভাগ সম্পর্কিত কোন আলোচনা হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য প:প: কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, এবার ধানের উত্তোলন ভালো। সারের মজুদ পর্যাপ্ত রয়েছে। সরিষার আবাদ আগামী ১০ দিনের মধ্যে উঠবে। বর্তমানে সয়াবিন তেলের সংকট রয়েছে। তিনি সরিষা আবাদে কৃষকদের উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ জানান। তাছাড়া ফসলি জমি হতে মাটি কাটা বন্ধের জন্য সভার মাধ্যমে আহবান জানান। তিনি বলেন, কৃষি জমি হতে মাটি কাটার ফলে জমির উর্বরতা নষ্ট হচ্ছে।<br>সভায় প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বলেন, সারের দোকানগুলো পরিদর্শন করা প্রয়োজন এবং ফসলি জমি হতে কৃষকরা যাতে মাটি বিক্রি না করে, সেদিকে কৃষকদেরকে পরামর্শ প্রদান করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, মির্জাপুর ইউপি বলেন, মির্জাপুরে সারের সংকট রয়েছে। মির্জাপুর বাজারে কোন ধরনের সার পাওয়া যায় না কৃষকরা বাহির থেকে সার ক্রয় করছেন। তিনি কৃষি অফিসে মাঠ পর্যায়ে নিয়োজিত উপ:সহ: কৃষি কর্মকর্তাদের বাজার মনিটরিং করার জন্য অনুরোধ জানান। | মির্জাপুর ইউনিয়নে নিয়োজিত উপ-সহকারী কৃষি কর্মকর্তা গণকে মির্জাপুর ইউনিয়নে অবস্থিত সারের দোকানগুলো পরিদর্শন করে সারের সংকট দুরীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, শ্রীমঙ্গাল। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উন্নত জাতের মুরগী পালনের জন্য বিভিন্ন ইউনিয়নের উদ্যোক্তাগণকে আহবান জানান। তিনি বলেন, উন্নত জাতের মুরগী পালনের জন্য পরীক্ষামূলকভাবে শ্রীমঙ্গল ইউনিয়নের কিছু কিছু জায়গা অসহায় পরিবারের মধ্যে মুরগী বিতরণ করা হয়েছে। হিলি প্রজাতির মুরগী খুবই ভালো। এপ্রজাতির মুরগী রোগ প্রতিরোধ ক্ষমতা বেশি। ডিম ও মাংসের উৎপাদনও ভালো। বর্তমানে ফাউমী প্রজাতির মুরগীর পালনে অনেকেই উৎসাহ বাড়ছে। ফাউমী প্রজাতির মুরগী পালন করা যেতে পারে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, ডিমের নানাবিধ উপকারিতা রয়েছে। মুরগী পালন করে বিভিন্ন স্থানে অনেকেই বেকারত্ব দুর করছেন। শ্রীমঙ্গল উপজেলায় বেকারত্ব দুরীকরণে উন্নত প্রজাতির মুরগী চাষ করা প্রয়োজন। | বেকারত্ব দুরীকরণের উন্নত প্রজাতির মুরগীর পালন করার জন্য বেকার শিক্ষিত যুবক-যুবতীদের প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় উপদেষ্টা মহোদয় শ্রীমঙ্গলের বৈচিত্র্যময় স্থান বাইক্কা বিল মৎস্য অভয়ারণ্য পরিদর্শনে আসেন। তিনি বলেন, হাইল হাওরের সৌন্দর্য দিন দিন নষ্ট করা হচ্ছে। বাইকা বিল মৎস্য অভয়ারণ্যে পর্যটকরা ঢুকে তার সৌন্দর্য্য নষ্ট করছে। মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনার প্রেক্ষিতে বর্তমানে বাইক্কা বিলে প্রবেশ বন্ধ রয়েছে।<br>তিনি আরো জানান, বাইক্কা বিল মৎস্য অভয়ারণ্যের সৌন্দর্য্য দেখার জন্য পর্যটকরা দুর-দুরান্ত থেকে আসে। প্রতিদিনই জনসমাগম ঘটে তার মধ্যে শুক্রবার ও শনিবার দর্শনার্থীগণ ভিড় বেশি থাকে। | বাইক্কা বিলের ভিতরে অবস্থিত ওয়াশ টাওয়ার জন্য উন্মুক্ত রাখা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>বাহির থেকে আসা পর্যটকদের কথা বিবেচনা করে বাইক্কা বিলে পর্যটকদের ভিতরে যাওয়ার অনুমতি প্রদান করা যায় কি না তিনি সভায় উপস্থিত সকল সদস্যদের মতামত প্রদানের অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, কালাপুর ইউপি বলেন, বাইক্কা বিল দেশের এবং এলাকার সম্পদ। তিনি বাইক্কা বিলের ভিতরে অবস্থিত ওয়াশ টাওয়ার পর্যন্ত পর্যটকদের জন্য উন্মুক্ত রাখার অনুরোধ জানান।<br><br>সভাপতি, বাইক্কা বিল অভয়াশ্রম বলেন, শুক্রবার-শনিবার বাইক্কা বিল দেখার জন্য পর্যটকদের ভিড় বেশি থাকে। পর্যটকদের কথা চিন্তা করে ওয়াশ টাওয়ারের উত্তর দিক পর্যন্ত উন্মুক্ত রাখার অনুরোধ জানান।<br><br>সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ ওয়াশ টাওয়ার পর্যন্ত উন্মুক্ত রাখার অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>এলজিইডি</td>
<td>সভায় উপজেলা প্রকৌশলী বলেন যে, ১) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী বিধিমতে কিছু প্রকল্প টেন্ডার ও কোটেশনের মাধ্যমে প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br><br>টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের তালিকা নিম্নরূপ
<table>
<tr><th>ক্র.নং</th><th>কাজের নাম</th><th>ইউনিয়ন</th><th>কাজের মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>সবুজবাগ এলজিইডি রাস্তা হতে অনুপ দাশের বাড়ীর সামনা দিয়ে ছড়ার পাড় পর্যন্ত রাস্তা উন্নয়ন।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>৩০০০০০.০০</td></tr>
<tr><td>০২</td><td>দক্ষগ্রাম থেকে নয়াবাড়ি কাচা রাস্তা ইট সলিং।</td><td>০৬ নং আশীদ্রোন</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>মিলবর নগর হতে জনুবাড়ি কাচা রাস্তার ইট সলিং।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>৩০০০০০.০০</td></tr>
<tr><td>০৪</td><td>কৃষ্ণপুর গ্রামের প্রাথমিক বিদ্যালয় হইতে মনিন্দ্র সরকারের বাড়ি পর্যন্ত রাস্তা ইট সলিং।</td><td>০২নং ভুনবীর</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৫</td><td>শ্রীমঙ্গল উপজেলায় সবুজবাগ আবাসিক এলাকা (পূর্ব শ্রীমঙ্গল) মধ্যপাড়ায় ছড়ার তীরবর্তী প্রায় ৫০০ ফুট রাস্তাটির গাইডওয়াল ও মাটি ভরাটের জন্য আবেদন।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>৩০০০০০.০০</td></tr>
<tr><td>০৬</td><td>সাতগাঁও সিন্দুরখাঁন পিচ রাস্তা হইতে পূর্ব বেলতলী মরহুম হাজী আনজব আলী মসজিদ মাদ্রাসা মক্তব ঈদগাহ রাস্তা ইট সলিং প্রসঙ্গে।</td><td>০৪নং সিন্দুরখাঁন</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৭</td><td>বর্মাছড়া চাবাগানের পূর্বপাড়া সবুজপট্টি বাসার নিকটে ড্রেন নির্মাণ।</td><td>০৭নং রাজঘাট</td><td>৩০০০০০.০০</td></tr>
<tr><td>০৮</td><td>সাতগাঁও ৫নং ওয়ার্ড আপন দাশের বাড়ির সামনে ইট সলিং।</td><td>০৯নং সাতগাঁও</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৯</td><td>রায়পরান রাস্তার পাশে গাইডওয়াল।</td><td>০১নং মির্জাপুর</td><td>৩০০০০০.০০</td></tr>
<tr><td>১০</td><td>রাধানগর বায়তুল নুরজামে মসজিদ এর পাশে গাইডওয়াল।</td><td>০৩নংশ্রীমঙ্গল</td><td>৩০০০০০.০০</td></tr>
<tr><td>১১</td><td>ইছুবপুর হাইল হাওর রাস্তার পাশে গাইডওয়াল।</td><td>০৩নংশ্রীমঙ্গল</td><td>১০০০০০০.০০</td></tr>
<tr><td>১২</td><td>ভৈরববাজার এ ড্রেন নির্মাণ</td><td>০৫নংকালাপুর</td><td>৩০০০০০.০০</td></tr>
<tr><td>১৩</td><td>ভাড়াউড়া চা বাগান দক্ষিণ লাইন কৃষ্ণ দাসের বাড়ির পাশে ব্রীজ পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ।</td><td>৩নং শ্রীমঙ্গল</td><td>৩০০০০০.০০</td></tr>
</table>
<br>কোটেশনে মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের তালিকা নিম্নরূপ
<table>
<tr><th>ক্র.নং</th><th>কাজের নাম</th><th>ইউনিয়ন</th><th>কাজের মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>দক্ষিণ উত্তরসুর কালীমাতার মন্দিরের জায়গা সংলগ্ন ছড়ার পাশে গাইডওয়াল নির্মাণ।</td><td>৩নং শ্রীমঙ্গল</td><td>১৫০০০০.০০</td></tr>
<tr><td>০২</td><td>সিন্দুরখানরাস্তায় লোহার ব্রীজে জরুরী মেরামত</td><td>০৪নং সিন্দুরখান</td><td>১২০০০০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>১) শাখা মুরাছড়ায় মেরামত ও পরিষ্কার করণ ২) আলিয়া ছড়ায় বাঁধ নির্মাণ ৩) সবুজবাগে শশ্মান সংলগ্ন বাঁধ নির্মাণ।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>৩০০০০০.০০</td></tr>
</table>
<br>২) উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। তিনি প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী ও সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জার জন্য ০৪টি প্রকল্প গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, নতুন প্রশাসনিক ভবনের কার্যক্রম পরিচালনার সুবিধার্থে ০৪টি কক্ষের অভ্যন্তরীণ সজ্জার প্রয়োজন। তিনি উপজেলা প্রকৌশলীকে জরুরী ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণের অনুরোধ জানান।<br><br>সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ উপজেলা নির্বাহী অফিসার, প্রশাসক ও উপজেলা প্রকৌশলীর কক্ষের অভ্যন্তরীণ সজ্জা প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।</td>
<td>১। ২০২৪-২৫ অর্থবছরে এডিপি প্রকল্পের আওতায় বিধি মোতাবেক টেন্ডার ও কোটেশনের মাধ্যমে প্রকল্প কাজগুলো দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী ও সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জার প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, ডিসেম্বর/২০২৪ খ্রি: তারিখ অভিভাবক সমাবেশের মাধ্যমে শিক্ষার্থীদের তৃতীয় প্রান্তিকের ফলাফল প্রকাশিক হয়েছে। প্রত্যেক বিদ্যালয়ে ১লা জানুয়ারি ২০২৫ খ্রি: তারিখ হতে যথারীতি শ্রেণি পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>১৩৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনক্রমে শিক্ষার কার্যক্রমকে এগিয়ে নেওয়ার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে টিআর/কাবিখার বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া জিও এখনও পাওয়া যায়নি। বর্তমানে অগ্নিকান্ডের সংখ্যা এ উপজেলায় বৃদ্ধি পাচ্ছে তিনি সবাইকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানান। এছাড়া কোন স্থানে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হলে তাৎক্ষণিকভাবে অত্র কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, মাটির কাজগুলো দ্রুততার শেষ করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান এবং যারা কাজ করবে তারা যেন ১০০ ভাগ করা করেন। কাজে যেন কোন ধরনের ত্রুটি না থাকে। | মাটির কাজ শতভাগ করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | উপজেলা প্রকল্প বাস্তবায়ণ কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে ইনজেকশন প্রচুর রয়েছে কিন্তু সিরিঞ্জ পর্যাপ্ত না থাকার ফলে কর্মক্ষেত্রে কিছু বাধার সম্মুখীন হচ্ছে। এছাড়া তিনি আরো বলেন, সাতগাঁও ইউনিয়ন স্বাস্থ্য সেন্টারের পাশে পানি নিষ্কাশনের জন্য ড্রেণ নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সাতগাঁও ইউনিয়ন স্বাস্থ্য সেন্টারের পাশে পানি নিষ্কাশনের জন্য ড্রেণ নির্মাণ প্রকল্পটি পরিদর্শন ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, ৫৩তম জাতীয় শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা যথাযথভাবে সম্পন্ন হয়েছে। তিনি বলেন, ক্রীড়া প্রতিযোগিতা উদ্‌যাপন করতে অনেক টাকা ব্যয়িত হয়। যা মাধ্যমিক শিক্ষা অফিস হতে সম্ভব হয় না। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রতিবারের ন্যায় এবারও ৫০,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদানের জন্য সভার মাধ্যমে অনুরোধ জানান। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, জানুয়ারি/২৫ মাসে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভাপতিত্বে চা বাগানের পঞ্চায়েতগণ নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার পর কয়েকটি চা বাগান থেকে তালিকা পাওয়া গেছে। কিন্তু সকল বাগান থেকে তালিকা আসে নাই। বর্তমানে এমআইএস করা যাচ্ছে না কিন্তু শ্রমিকরা অনলাইনে আবেদন করতে পারবে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনলাইনে আবেদন করতে হলে পিএফ নাম্বার দিতে হয়। কিন্তু যাচাই করে দেখা গেছে অধিকাংশ শ্রমিকের পিএফ নাম্বার সঠিক নহে।<br>এ প্রেক্ষিতে গত বছর যে সকল শ্রমিক গত বছর অনুদান পেয়েছেন তাদেরকে বাদ দিয়ে অন্য শ্রমিককে অনুদান প্রদানের সিদ্ধান্ত ছিল এ সিদ্ধান্তের প্রেক্ষিতে গত বছর সুবিধা পেয়েছিল তাদের তালিকা বাগানে প্রেরণ করা হয়েছে। তালিকা যাচাই করে পঞ্চায়েত ব্যবস্থাপক ও চেয়ারম্যানের স্বাক্ষরিত তালিকা কার্যালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। তার বিভাগীয় কার্যক্রম নিয়মিতভাবে চলমান আছে। | চেয়ারম্যান, ম্যানেজার ও পঞ্চায়েত এর স্বাক্ষরসহ তালিকা জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম সক্রিয় রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ১২ | উপ:ম:বিষয়ক কর্মকর্তা | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, মহিলা বিষয়ক কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় বর্তমান মাস পর্যন্ত নিবন্ধিত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা ১৭১টি (নিবন্ধিত)। সমিতিগুলোর অডিট, পরিদর্শন, ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। সরকারি রাজস্ব সমূহ আদায়ের চেষ্টা অব্যাহত আছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদার করণ ও যে কোন একটি কার্যক্রম নিয়ে সভা আহবান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কমকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, জানুয়ারি/২৫ মাসের আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১০৩৫৫০/- টাকা, আদায়কৃত ১০৩৫৫০/- টাকা। কিস্তি ঋণ খেলাপী আদায় নাই। চলতি পরিবারভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ্য ৪৪৮০০/- টাকা। চলতি মাসে ঋণ বিতরন নাই। প্রশিক্ষণ জোরদারকরণ কর্মসূচির ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৯.৩৬%। রাজস্ব খাতের ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০জন। বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। | প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, পৌরসভার ২টি কেন্দ্রে ওএমএস এর চাল বিক্রয় চলমান রয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচির নতুন উপকারভোগীদের তালিকা দ্রুত প্রেরণ করার জন্য সকল চেয়ারম্যান মহোদয়গণকে অনুরোধ করা হয়।<br>এছাড়া টিসিবি সহ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান রয়েছে। | ওএমএস এর চাল বিক্রির কার্যক্রম চলমান থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | সভায় জনস্বাস্থ্য প্রকৌশলী বলেন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন"সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৪-২৫ অর্থবছরের বরাদ্দকৃত পানির উৎস বন্টন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। পানির উৎস প্রাপ্তির জন্য আবেদনকারীর আবেদপত্র যাচাই বাচাই করে উক্ত সভায় তালিকা উপস্থাপন করা হলো। জনস্বাস্থ্য প্রকৌশলী বলেন, প্রতিটি ইউনিয়নে মোট ১২টি করে মোট ১০৮ গভীর নলকূপ পাওয়া গেছে। তন্মধ্যে মির্জাপুর ইউনিয়নে ৪টি, ভূনবীর ৯টি, শ্রীমঙ্গল-১০টি, সিন্দুরখান-৮টি কালাপুর-৮টি, আশিদ্রোণ-৬টি, রাজঘাট-৪টি, কালিঘাট-২টি সহ মোট ৫১টি বিতরণ করা হয়েছে। অবশিষ্ট ৫৭টি গভীর নলকূপ বিতরণ করা হয়নি। প্রত্যেক ইউনিয়নের নলকূপের অবশিষ্ট তালিকা অত্র কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নলকূপের অবশিষ্ট তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণ জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল ইউপি চেয়ারম্যান ও জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্রীমঙ্গল |
| ১৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর-(পুর্বেই প্রেরিত আলোচ্য পত্র) সভায় জনান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। পাশাপাশি তিনি জানান যে, পুনরায় যে অবকাঠামোগত উপপ্রকল্প প্রস্তাবনা (রিকাস্ট) প্রস্তুত করে পিএমইউ-ঢাকা অফিসে, প্রকল্প পরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য পাঠানো হয়েছিল তা প্রকল্প পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে এখন নির্দেশনা মোতাবেক উপপ্রকল্পটি উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়ন করা হবে। | প্রকল্প পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত উপপ্রকল্পটি উপজেলা পরিষদ কর্তৃক (এলজিইডি দপ্তর) বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউডিএফ (জাইকা) |
| ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক বলেন, শ্রীমঙ্গল ইউনিয়নে ২০% কিস্তি আদায় সম্ভব হচ্ছে বাকি ৮০% আদায় করা যাচ্ছে না। তিনি শ্রীমঙ্গল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়ের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া সিন্দুরখান, শ্রীমঙ্গলে খেলাপী ঋণ আদায় করতে হেনস্তার স্বীকার হচ্ছেন। | শ্রীমঙ্গল ও সিন্দুরখান ইউনিয়নের খেলাপী ঋণ উত্তোলনের প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য শ্রীমঙ্গল ও সিন্দুরখান ইউপিকে অনুরোধ জানান। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ১৯ | নতুন ভোটার হালনাগাদ করণ সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাচন কর্মকর্তা বলেন, ভোটার হালনাগাদ-২০২৫ এর রেজিষ্ট্রেশন কার্যক্রম চলমান। স্বাভাবিকগতিতে কার্যক্রম চলমান আছে। আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৫ পৌরসভার ভোটার হালনাগাদ রেজিষ্ট্রেশনের মধ্য দিয়ে ভোটার হালনাগাদ কর্মসূচি সমাপ্ত হবে।<br>আগামী ২ মার্চ ২০২৫ তারিখ জাতীয় ভোটার দিবস উদযাপন করা হবে। তিনি সকলকে জাতীয় ভোটার দিবসে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | ভোটার রেজিষ্ট্রেশন কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা তা পরিদর্শন করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ২০ | বিবিধ ০১ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের কাজে ব্যবহৃত ফটোকপি মেশিনটি নষ্ট থাকার ফলে ফটোকপির কাজ করা সম্ভব হচ্ছে না। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে একটি ফটোকপি মেশিন ক্রয়ের অনুরোধ জানান। প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | বিস্তারিত আলোচনান্তে উপ জেলা পরিষদের রাজস্ব হতে ফটোকপি মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ২১ | বিবিধ ০২ | সভায় জানানো হয় যে আর্থিক সহায়তা চেয়ে উপজেলা নিবার্হী অফিসার বরাবরে কয়েকটি আবেদন পাওয়া গেছে। উপস্থিত সদস্যবৃন্দ সম্মতি প্রদান করলে আর্থিক সহায়তা প্রদান করা যেতে পারে। উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সামাজিক অনুদান খাত হতে প্রত্যেককে আর্থিক সহায়তা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ২২ | বিবিধ ০৩ | সভায় উপজেলা প্রকৌশলী জানান, বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) চলাকালীন তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক কর্মসূচিসমুহ বাস্তবায়ন বাবদ ২৫০০০/- টাকা ব্যয় হয়। ব্যয়িত অর্থ পরিশোধের জন্য সভা প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বিবিধ খাত হতে বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) চলাকালীন তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপনের ব্যয়িত ২৫০০০/- টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ২৩ | বিবিধ ০৪ | সভায় জানানো হয় যে, উপজেলা নির্বাহী অফিসার এর নিরাপত্তায় নিয়োজিত আনসার ক্যাম্পের ০৪টি সিলিং ফ্যান নষ্ট হয়ে যাওয়া তাৎক্ষণিকভাবে ০৪টি নতুন ফ্যান সংযোজন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবনের | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পানির লাইনে সমস্যা হওয়ায় তাৎক্ষণিকভাবে পানির লাইন মেরামত করা হয়। ব্যয়িত অর্থ পরিশোধের জন্য সভা প্রস্তাব পেশ করা হয়।<br>তাছাড়া উপজেলা পরিষদের ২০১নং কক্ষের কনসল ওয়ারিং লাইন পুরাতন হয়ে যাওয়াতে কয়েকদিন পর পর উক্ত কক্ষে সর্ট সার্কিট হচ্ছে তা জরুরী ভিত্তিতে জরুরী মেরামত করা প্রয়োজন। তা না হলে যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে।<br>২০১নং কক্ষের ওয়ারিং লাইন জরুরী ভিত্তিতে মেরামতের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | গৃহিত হয়। | শ্রীমঙ্গল। |
| ২৪ | বিবিধ ০৫ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার গুলোতে স্যানেটারী মালামাল, বৈদ্যুতিক ওয়ারিং ইত্যাদি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। তিনি মেরামত করণের জন্য সভায় প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ২৫ | বিবিধ ০৬ | সভায় জানানো হয় যে, একজন দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থী বিশ্ব বিদ্যালয়ে ভর্তি প্রস্তুতির জন্য আর্থিক সহায়তা প্রদানের জন্য অত্র কার্যালয়ে আবেদন করেছেন। বিষয়টি মানবিক দিক বিবেচনা করা আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানান। আবেদনের বিষয়ে উপস্থিত সকলের একমত পোষণ করেন। | উপজেলা পরিষদের শিক্ষা খাত হতে ৫০০০/- টাকা দৃষ্টি প্রতিবন্ধীকে আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ২৬ | বিবিধ ০৭ | সভায় জানানো হয় যে, উপজেলা নির্বাহী অফিসার এঁর কক্ষের এসি'র গ্যাস ও ৩য় তলার সম্মেলন কক্ষের ০৪টি এসি'র গ্যাস ও সার্কিট বেকার নষ্ট হয়ে যাওয়াতে এসি হতে গরম বাতাস বের হচ্ছে। জরুরী ভিত্তিতে এসি'র গ্যাস ও সার্কিট ব্রেকার লাগানোর জন্য সভায় প্রস্তাব পেশ করা হয়।<br>এসি মেরামতের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ইসলাম উদ্দিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.০৮ তারিখ: ১২/০৩/২০২৫

বিতরণ: কার্যার্থে।
১। উপজেলা.............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
২। চেয়ারম্যান.............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# ৬ষ্ঠ উপজেলা পরিষদ মার্চ ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মো: ইসলাম উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ২৪ মার্চ ২০২৫ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা বলেন, স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সিয়াম সাধনার মাস রমজান মাস। আগামী ৩১ তারিখ পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত হবে তিনি সকলকে ঈদের অগ্রীম শুভেচ্ছা জানান। ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে হাসপাতাল এলাকায় নিরাপত্তা ব্যবস্থা বাড়ানোর জন্য অফিসার ইনচার্জ, শ্রীমঙ্গল থানাকে এই সভার মাধ্যমে অনুরোধ জানান। এছাড়া শ্রীমঙ্গল উপজেলায় ৪টি কমিউনিটি ক্লিনিক খুবই জরাজীর্ণ অবস্থায় আছে। সেগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | হাসপাতাল এলাকায় টহল প্রদানের জন্য অফিসার ইনচার্জকে অনুরোধ জানান।<br>এডিপি প্রকল্পের আওতায় জরাজীর্ণ কমিউনিটি ক্লিনিকগুলো মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য প:প: কর্মকর্তা, শ্রীমঙ্গল ও উপজেলা প্রকৌশলী, শ্রীমঙ্গল। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, বোরো ধান আগামী ১৩/০৪/২০২৫ তারিখ থেকে কর্তন শুরু হতে পারে। আউশ প্রণোদনা খুব তাড়াতাড়ি আসবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সিন্দুরখান ইউনিয়নে সারের গুদামটি পরিদর্শন করা প্রয়োজন এবং শ্রীমঙ্গল উপজেলাতে প্রবাহিত ছোট ছোট ছড়ার তালিকা প্রস্তুত করার জন্য বিএডিসি ও উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। | বিএডিসি কর্মকর্তার সাথে আলোচনাক্রমে উপজেলাধীন প্রবাহিত ছড়ার তালিকা প্রস্তুত করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও বিএডিসি কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বেকারত্ব দুরীকরণের , উন্নত প্রজাতির মুরগীর পালনে উৎসাহিত করত্যে বেকার শিক্ষিত যুবক যুবতীদের প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি বলেন, হাইল হাওরে বিভিন্ন জলমহালে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে জোর তৎপরতা চালানো হচ্ছে। তাছাড়া মৎস্য খামার, মৎস্য হ্যাচারী, খাদ্যের দোকান নিয়মিত পরিদর্শন ও লাইসেন্স প্রদানের কার্যক্রম চলমান আছে। এছাড়া মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বাইক্কা বিলের পানি কমে যাচ্ছে অবৈধভাবে জাল ব্যবহার কেউ যাতে মৎস্য আহরণ না করে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৫ | এলজিইডি | সভায় উপজেলা প্রকৌশলী বলেন যে, ১) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী বিধিমতে টেন্ডার এর ১ম কিস্তির কাজ চলমান আছে।<br>২) ফসলি জমিতে ফসল রক্ষার্থে, জরুরী ভিত্তিতে বিলাসছড়া নদীতে আটটি | ১। বিলাসছড়া নদীতে আটটি বাঁধ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাঁধ দ্রুত মেরামত পিআইসি'র মাধ্যমে করা যেতে পারে।<br>৩) সীমানা প্রাচীর এর এর কিছু অংশ নিরাপত্তার স্বার্থে কাঁটাতারের বেড়া স্থাপন করা যেতে পারে।<br>৪) জাতীয় নিরাপত্তার স্বার্থে ইউনিয়ন এর বিভিন্ন রাস্তায় নির্মিত সোলার লাইটগুলো মেরামত করা যেতে পারে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহিত হয়।<br>২। স্থাপিত সোলার লাইটগুলো মেরামতের নিমিত্তে প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত | |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, রমজান উপলক্ষ্যে ১৩৮টি প্রাথমিক বিদ্যালয় বন্ধ আছে। প্রত্যেকটি স্কুলেই দপ্তরী কাম নৈশপ্রহরী রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাথমিক বিদ্যালয়গুলোকে চুরি রোধকল্পে দপ্তরী কাম নৈশপ্রহরীগণ স্কুলে উপস্থিত থাকে যেদিক নজর রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার |
| ০৭ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ১০ কেজি করে চাল বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া টিআর প্রকল্প আওতায় সমাপ্তকৃত কাজের বিল পরিশোধের প্রক্রিয়াধীন আছে। এছাড়া কাবিখা প্রকল্পের ৫০% প্রকল্প বিল দেয়া হয়েছে। এছাড়া জরুরী ভিত্তিতে ৪০ দিনের কর্মসূচির প্রকল্প কাজের তালিকা দেওয়ার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, মাটির কাজ পরিদর্শনক্রমে যাচাই বাচাইকরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদান অনুরোধ জানান। | মাটির কাজগুলো সরজমিনে পরিদর্শন করার জন্য ইউপি চেয়ারম্যানদের ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ণ কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে ইনজেকশন প্রচুর রয়েছে কিন্তু সিরিঞ্জ পর্যাপ্ত না থাকার ফলে কর্মক্ষেত্রে কিছু বাধার সম্মুখীন হচ্ছে। এছাড়া তিনি আরো বলেন, সাতগাঁও ইউনিয়ন স্বাস্থ্য সেন্টারের পাশে পানি নিষ্কাশনের জন্য ড্রেণ নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সাতগাঁও ইউনিয়ন স্বাস্থ্য সেন্টারের পাশে পানি নিষ্কাশনের জন্য ড্রেণ নির্মাণ প্রকল্পটি পরিদর্শন ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন ২০২৫ শিক্ষাবর্ষে বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রায় ৯৯% উপজেলায় পৌঁছেছে এবং প্রাপ্ত সকল বই শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বিতরণ করা হয়েছে।<br>আগামী ১০/০৪/২০২৫খ্রি: তারিখ হতে এসএসসি, দাখিল এবং এসএসসি ভোকেশনাল) পরীক্ষা শুরু হবে। আমাদের অত্র উপজেলায় এসএসসি ও ০৩ (তিন) টি এছাড়া শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষা কেন্দ্রগুলো যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে কিনা তা পরিদর্শন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম নিয়মিতভাবে চলমান আছে। | - | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম সক্রিয় রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ১২ | উপ:ম:বিষয়ক কর্মকর্তা | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২৩-২৪ অর্থবছরের VWB উপকারভোগীদের সঞ্চয়ের অর্থ বিতরণ ৮টি ইউনিয়নে সম্পন্ন | ইউপি চেয়ারম্যানগণকে VWB উপকারভোগী নির্বাচনে | মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি |

<table>
<tr><td></td><td></td><td>হয়েছে। ১টি ইউনিয়ন (কালিঘাট) ঈদের পর বিতরণ করা হবে।<br>২০২৫-২৬ অর্থবছরের VWB উপকারভোগী নির্বাচন আগামী ০৬/০৪/২০২৫ তারিখ প্রাথমিক আবেদন শুরু হওয়ার বিষয়ে পত্র পাওয়া গিয়েছে ১৪৬৭ কার্ডের বিপরীতে ৩/৪গুন আবেদন করবে এ বিষয়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া মহিলা বিষয়ক কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।</td><td>চেয়ারম্যান (সকল), শ্রীমঙ্গল।</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় বর্তমান মাস পর্যন্ত নিবন্ধিত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা ১৭১টি (নিবন্ধিত)। সমিতিগুলোর অডিট, পরিদর্শন, ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে।</td><td>উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদার করণ ও যে কোন একটি কার্যক্রম নিয়ে সভা আহবান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা সমবায় কমকর্তা,শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, ফেব্রুয়ারি/২৫ মাসের আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১০৪৮২৫/- টাকা, আদায়কৃত<br><br>৮১৫৫০/- টাকা। ঋণ খেলাপী আদায় ৩৩০০/-। চলতি পরিবারভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ ২২৪০০/- টাকা, আদায়কৃত ২২৪০০/-। চলমান আদায়ের হার ১০০%। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৯.৩৬%। ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব খাতের ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০জন। বায়োগ্যাস প্রকল্পের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪০জন। অর্জন ২০জন।</td><td>প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করণের জন্য উপজেলা যুব উন্নয়ন<br><br>কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br><br>শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>১৫</td><td>খাদ্য বিভাগ</td><td>সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, পৌরসভার ২টি কেন্দ্রে ওএমএস এর চাল বিক্রয় চলমান রয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ৯টি ইউনিয়নে ৬৭১৩জন উপকারভোগীদের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচির ৩০ কেজি করে চাল ১৫ (পনের) টাকা কেজি দরে বিতরণ চলমান আছে।<br>এছাড়া খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান রয়েছে।</td><td>ওএমএস এর চাল বিক্রির কার্যক্রম চলমান থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা খাদ্য কর্মকর্তা</td></tr>
<tr><td>১৬</td><td>জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ</td><td>সভায় জনস্বাস্থ্য প্রকৌশলী বলেন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সম্মুখ দিকের এলাকায় চলাচলের জন্য একটি রাস্তা আছে। রাস্তা থাকার ফলে প্রায়শই সরকারী বিভিন্ন অফিসে চুরি সংঘটিত হয়ে থাকে। তিনি বলেন, জনস্বাস্থ্য অফিসের পাইপ, পানির ট্যাংকি ইত্যাদি বিভিন্ন সময় চুরি হয়। তিনি চুরিরোধকল্পে অফিসে চারপাশ বাউন্ডারী ওয়াল প্রদানের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>বাউন্ডারী ওয়াল প্রদানে বিষয়ে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন এবং বাউন্ডারী ওয়াল নির্মাণে ব্যয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বাজেট হতে প্রদানের আশা ব্যক্ত করেন। এছাড়া জনস্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রাজস্ব বাজেট হতে বাউন্ডারী ওয়াল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্রীমঙ্গলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td><td>উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত "শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন ইউনিয়নের রাস্তার ধারে সোলার স্ট্রিট লাইট স্থাপন " অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প -এর কাজ শেষ হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদার-বিল প্রদানের জন্য আবেদন করেছেন। যা নিম্নোক্ত-
<table>
<tr><th>ক্র.নং</th><th>প্রকল্পের আইডি</th><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমান (ভ্যাট ও আয়করসহ)</th></tr>
<tr><td>০১</td><td>INF6-২০২১-২২-৬০৫৮৮৩-০১</td><td>শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন ইউনিয়নের রাস্তার ধারে সোলার</td><td>৪০,২২,৩৪৬.০০</td></tr>
</table></td><td>উপ-প্রকল্পের কাজ পরিদর্শন করে, কাজ সমাপ্তিকরণ সার্টিফিকেট প্রদানপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদারগণ-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</td><td>উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা)</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্ট্রিট লাইট স্থাপন<br>পরে তিনি, উপরিউক্ত উপ-প্রকল্পের কাজ পরিদর্শন করে, কাজ সমাপ্তীকরণ সার্টিফিকেট প্রদানপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদার-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর পাঠানোর আহবান জানান। | | |
| ১৮ | উপজেলা পরিষদের অফিস ও আবাসিক এলাকায় প্রায় ৩৮টি মরা, ঝড়ে উপড়ে পড়া, বিনষ্টযোগ্য ঝুকিপূণ বিনষ্টযোগ্য গাছ নিলামে বিক্রয় | উপজেলা পরিষদের অফিস ও আবাসিক এলাকায় প্রায় ৩৮টি মরা, ঝড়ে উপড়ে পড়া, বিনষ্টযোগ্য ঝুকিপূর্ণ অবস্থায় বিদ্যমান আছে। উক্ত গাছগুলো নিলামের মাধ্যমের বিক্রয়ের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ওসমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপ-২, শাখার স্মারক নং-উপ২/৪পি-১২৪/২০০৫/৩৮৫, ১৫/০৮/২০০৭খ্রি: তারিখে জারীকৃত পরিপত্র অনুযায়ী নিলামে বিক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। উক্ত কমিটিতে জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের প্রতিনিধি সদস্য হিসেবে অন্তর্ভূক্ত আছেন। উক্ত সদস্য মনোনয়নের জন্য জেলা প্রশাসক মৌলভীবাজার বরাবরে পত্র প্রেরণ করা প্রয়োজন এবং কমিটি গঠনের মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সদস্য সচিব, উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | ৩৮টি মরা, ঝড়ে উপড়ে পড়া, বিনষ্টযোগ্য ঝুকিপূর্ণ নিলামে বিক্রয়ের অনুমোদনের জন্য সদস্য মনোনয়ন প্রদানের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয় বরাবরে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, শ্রীমঙ্গল। |
| ১৯ | বিবিধ:০১ | সভায় জানানো হয়, উপজেলা পরিষদের কাজের ব্যবহৃত কম্পিউটারগুলো পুরাতন হয়ে গেছে নতুন কম্পিউটার এবং ২টি নতুন প্রিন্টার ক্রয় করা প্রয়োজন। তিনি কম্পিউটার এবং প্রিন্টার ক্রয়ের জন্য সভায় প্রস্তাব করেন। প্রস্তাবটি সবসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নতুন কম্পিউটার এবং ২টি প্রিন্টার ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ইসলাম উদ্দিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩. ১১ তারিখ: ০৬/০৪/২০২৫

বিতরণ: কার্যার্থে।
১। উপজেলা..............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
২। চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

## উপস্থিতি ঃ- (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট-ক

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মো: ইসলাম উদ্দিন, প্রশাসক, শ্রীমঙ্গল পৌরসভা | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মিছলু আহমেদ চৌধুরী, চেয়ারম্যান, ১নং মির্জাপুর ইউনিয়ন | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মো: ইয়াছিন আরাফাত রবিন, চেয়ারম্যান, ৪নং সিন্দুরখান ইউনিয়ন | স্বাক্ষরিত |
| | কর্মকর্তাবৃন্দ | |
| ০৪ | জনাব মো: ইসলাম উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল | স্বাক্ষরিত/- |
| ০৫ | ডাঃ সাবিনা ইয়াসমিন, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ০৬ | জনাব মো: আলাউদ্দিন, উপজেলা কৃষি কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ০৭ | জনাব ডাঃ সিনথিয়া তাসমিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ০৮ | জনাব মো: ইউসুফ হোসেন খান, উপজেলা প্রকৌশলী (এলজিইডি), শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ০৯ | জনাব মোঃ আমিনুল ইসলাম, উপজেলা সমবায় কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১০ | জনাব মো: নাজমুল আলম, আইসিটি কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১১ | জনাব মো: সুয়েব হোসেন চৌধুরী, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শ্রীমঙ্গল | স্বাক্ষরিত/- |
| ১২ | জনাব দীলিপ কুমার বর্ধন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১৩ | জনাব দিপক চন্দ্র মন্ডল, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১৪ | জনাব মোঃ রফিকুল ইসলাম, উপজেলা শিক্ষা কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১৫ | জনাব নিশীথ রঞ্জন, জাইকা, শ্রীমঙ্গল | স্বাক্ষরিত/- |
| ১৬ | জনাব মোহাম্মদ আছাদুজ্জামান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল | স্বাক্ষরিত/- |
| ১৭ | মিসেস শাহেদা আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১৮ | জনাব মো: সাইফুল ইসলাম, উপ:সহ: প্রকৌশলী (জনস্বাস্থ্য), শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ১৯ | জনাব অসীম কুমার কর, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ২০ | জনাব সন্তোষ রঞ্জন দত্ত, পক্ষে, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ২১ | জনাব মো: জাবেদ হোসেন, এজিএম (প্রশাসন), মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ২২ | জনাব মো: আমান উল্লাহ, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শ্রীমঙ্গল | স্বাক্ষরিত/- |
| | অনুপস্থিত | |
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল। | অনুপস্থিত/- |
| ০২ | রেঞ্জ কর্মকর্তা, মৌলভীবাজার রেঞ্জ | অনুপস্থিত/- |
| ০৩ | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লীপ), শ্রীমঙ্গল। | অনুপস্থিত/- |
| ০৪ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শ্রীমঙ্গল। | অনুপস্থিত/- |
| ০৫ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ০৬ | চেয়ারম্যান, ২নং ভুনবীর ইউপি, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ০৭ | চেয়ারম্যান, ৩নং শ্রীমঙ্গল ইউপি, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ০৮ | চেয়ারম্যান, ৫নং কালাপুর ইউপি, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ০৯ | চেয়ারম্যান, ৬নং আশিদ্রোণ ইউপি, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ১০ | চেয়ারম্যান, ৭নং রাজঘাট ইউপি, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ১১ | চেয়ারম্যান, ৮নং কালিঘাট ইউপি, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ১২ | চেয়ারম্যান, ৯নং সাতগাঁও ইউপি, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |